সূত্র : নিক/১৬
তারিখ: অক্টোবর ১৯, ২০২৫

আগামী ২৯ নভেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিতব্য
কুমিল্লা জিলা স্কুল অ্যালামনাই এসোসিয়েশনের কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদ নির্বাচনের সম্মানিত ভোটারবৃন্দ,
আসসালামু আলাইকুম ও আন্তরিক শুভেচ্ছা ।

নির্বাচন কমিশন অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছে যে, বিগত ১৬ অক্টোবর ২০২৫ তারিখে সর্বশেষ সময়ের মধ্যে ৫২ জন ভোটার তাদের মনোনয়নত্র জমা করেছেন । যদিও মনোনয়নত্র সংগ্রহ করেছিলেন ৫৫ জন। এরমধ্যে একজন কুমিল্লা এবং ঢাকা উভয় অফিসে একই পদের জন্য মনোনয়নপত্র দাখিল করেছেন । বিভিন্ন পদের বিপরীতে ৫১ জনের প্রতি পদের জন্য কতজন প্রার্থী তার তালিকা সংযুক্ত করা হলো ।

এই তালিকায় মনোনয়ন প্রার্থীদেরকে নিয়ে নির্বাচন কমিশন অন্য একটি WhatsApp গ্রুপ এবং এক বা একাধিক Virtual Meeting এর মাধ্যমে আগামী ২৬ অক্টোবর ২০২৫ তারিখের মধ্যে নির্বাচন কেন্দ্র সহ সকল গুরুত্বপূর্ণ বিষয় এবং খসড়া নির্বাচন আচরণবিধি চূড়ান্ত করবেন । একই সময়ের মধ্যে নির্বাচন কমিশন সকল মনোনয়নপত্রের সঠিকতা নিশ্চিত করিবেন ।

নির্বাচন তফসিল অনুযায়ী আগামী ২৬ অক্টোবর ২০২৫ তারিখে প্রার্থীদের নামের তালিকা প্রকাশ করা হবে । একই সাথে প্রার্থীদের দেয়া জীবন বৃত্তান্ত এবং সংঘটন সম্পর্কে প্রার্থীদের ভবিষ্যৎ পরিকল্পনা প্রকাশ করা হবে যেন ভোটাররা প্রার্থীদের সম্পর্কে একটি ধারণা করতে পারেন ।

নির্বাচন সংক্রান্ত সকল বিষয়, প্রার্থীদের পরিচিতি, তাঁদের পরিকল্পনা এবং যৌক্তিক অন্যান্য বিষয় নিয়ে খুব শীঘ্রই নির্বাচন কমিশন একটি Website উদ্বোধন করবেন । এই Website ই নির্বাচন পোর্টাল হিসেবে কাজ করবে । এই Website এ নিয়মনীতি পালন করে প্রতিদিনের জন্য সামান্য অর্থের বিনিময়ে যে কোন প্রার্থী নিজেদের প্রার্থিতার প্রচার করার সুযোগ সৃষ্টি করতে যেন পারেন, নির্বাচন কমিশন গুরুত্ব সহকারে তা বিবেচনা করছেন।

ভোট দেওয়ার সময় প্রতিটি ভোটারের ছবি নির্বাচন পোর্টাল এবং নির্বাচন কেন্দ্রের নিকট দুরত্বে অনেক বড় Screen এ প্রদর্শিত হতে থাকবে, যেন অন্যরা বুঝতে পারে যে তিনি এইমাত্র তাঁহার ভোট প্রদান শেষ করেছেন ।

আহবায়ক কমিটি কর্তৃক যেহেতু ছবিসহ ভোটার তালিকা করা সম্ভব হয়নি, তাই নির্বাচন কমিশন স্বউদ্যোগে সকল ভোটারের ছবি সংগ্রহ করার উদ্যোগ গ্রহণ করেছে । সবাইকে অনুরোধ করছি যেন সকল ভোটার নির্বাচন কমিশনকে এ ব্যাপারে পর্যাপ্ত সহযোগিতা প্রদান করেন । এই ছবিযুক্ত ভোটার তালিকা আগামী দিনে সকল সদস্যের Membership ID Card, Discount Card এবং অন্যান্য অনেক কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

আমাদের আজকের অংগীকার হউক একটি অংশগ্রহণমূলক, স্বচ্ছ এবং সবার জন্য সমান সুযোগ নিশ্চিত করে নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে Most Dynamic নেতৃত্ব গড়ে তোলা।

আমরা সকল সদস্যের সক্রিয় অংশগ্রহণ ও সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

শুভেচ্ছান্তে
একেএম কামরুল ইসলাম, এফসিএ
প্রধান নির্বাচন কমিশনার
নির্বাচন কমিশন
কুমিল্লা জিলা স্কুল অ্যালামনাই এসোসিয়েশন